

তথ্য কমিশনে ২৩/১১/২০১৭ তারিখের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ১১টি অভিযোগের শুনানীশেষে ০৯টি অভিযোগের নিষ্পত্তি করা হয়। ০১ টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয় এবং ০১টি অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

শুনানীতে অংশ নেন প্রধান তথ্য কমিশনার অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান এবং তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার।



নিম্নলিখিত অভিযোগগুলো হচ্ছে নির্বাচন কমিশন সচিবালয়ের পরিচালক (জনসংযোগ), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, প্রধান কার্যালয়ের পরিচালক(অ.দা.), সড়ক ও জনপদ অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ রেলওয়ে পূর্বাঞ্চলের (চট্টগ্রাম) সহকারি মহাব্যবস্থাপক, ঢাকা জেলা সমবায় কার্যালয়ের জেলা সমবায় অফিসার, পানিসম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সহকারি সচিব (উন্নয়ন-১ অধিশাখা), কিশোরগঞ্জ ১ নং বড় ভিটা ইউনিয়ন পরিষদের সচিব, লক্ষীপুরের কুশাখালী ইউনিয়ন ইসলামিয়া দাখিল মাদ্রাসার সিনিয়র সহকারি শিক্ষক এবং সিলেট জেলা প্রশাসক কার্যালয়ের সহকারি কমিশনারের বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়।

অন্যদিকে বাংলাদেশ ওয়াকফ প্রশাসনের সহকারি ওয়াকফ প্রশাসকের বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয় এবং যথাযথ কর্তৃপক্ষ বরাবর আবেদন না করায় ঢাকা জেলা সমবায় কার্যালয়ের জেলা সমবায় অফিসারের বিরুদ্ধে আনিত ০১টি অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

স্বাক্ষরিত/-

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কশিমন

ফোন-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd